



রাষ্ট্রীয় সংস্কার প্রক্রিয়া থেকে বিচ্যুত হচ্ছে সরকার: হাসনাত আব্দুল্লাহ



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

জনগণের প্রত্যাশা ছিল রাষ্ট্রে কাঠামোগত ও প্রাতিষ্ঠানিক সংস্কার দ্রুত এগোবে, কিন্তু সেই প্রক্রিয়া থেকে সরকার ধীরে ধীরে সরে যাচ্ছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহ।

রোববার (৩ মে) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে এনসিপির সংস্কার বাস্তবায়ন কমিটি আয়োজিত জাতীয় কনভেনশনের একটি সেমিনারে তিনি এসব কথা বলেন। আলোচনার বিষয় ছিল 'জ্বালানি নিরাপত্তা: বর্তমান সংকট ও ভবিষ্যৎ করণীয়'।

তিনি বলেন, বিচার বিভাগের স্বাধীনতা, প্রশাসনিক পুনর্গঠন এবং পুলিশ সংস্কার কমিশন গঠনের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আলোচনা থাকলেও বাস্তবে সেগুলোর দৃশ্যমান অগ্রগতি খুবই সীমিত।

হাসনাত আব্দুল্লাহ অভিযোগ করে বলেন, সরকার এখনো রাষ্ট্রের সব কাঠামো নিয়ন্ত্রণে রাখার মানসিকতা থেকে বের হতে পারেনি। এই দৃষ্টিভঙ্গিই কাজিক্ত সংস্কারের পথে বড় বাধা হয়ে দাঁড়াচ্ছে।

জ্বালানি খাত প্রসঙ্গে তিনি বলেন, দেশ যদি নিজস্ব জ্বালানি সক্ষমতা বাড়াতে না পারে, তাহলে শিল্প ও ব্যবসা খাত বড় ধরনের সংকটে পড়বে। নিয়মিত লোডশেডিং উৎপাদন ব্যবস্থাকে দুর্বল করছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি আরও জানান, দীর্ঘদিন ধরে আমদানি নির্ভর জ্বালানি ব্যবস্থার কারণে অর্থনীতিতে চাপ বাড়ছে। একই সঙ্গে নবায়নযোগ্য জ্বালানিতে বিনিয়োগ কম হওয়ায় একটি বড় ঘাটতি হিসেবে দেখেন তিনি।

প্রতিবেশী দেশগুলোর উদাহরণ টেনে হাসনাত বলেন, ভারত ও পাকিস্তান ইতিমধ্যে জ্বালানি উৎস বৈচিত্র্য ও নবায়নযোগ্য শক্তির দিকে এগিয়েছে। বাংলাদেশও যদি দ্রুত বিকল্প জ্বালানির দিকে না যায়, তাহলে ভবিষ্যতে সংকট আরও গভীর হবে।